দৈনিক বাংলা          ২

03 JAN 1987

শিক্ষা তথ্য ও ... কেন্দ্র

# প্রাথমিক ছাত্রদের বই দেয়া শুরু

দেশব্যাপী সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচীর অধীনে সরকার চলতি সপ্তাহ থেকে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে বই বিতরণ শুরু করেছেন।

এক সরকারী সূত্র শুক্রবার এনাকে জানান চলতি শিক্ষা বছরের জন্য দেশের ৪৪ হাজার সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে এক কোটি ২২ লাখ সেট বই বিতরণ করা হবে। এটা গত শিক্ষা বছরে বিতরণকৃত বইয়ের চেয়ে ৩৩ লাখ সেট বেশি।

মোট বইয়ের মধ্যে ২২ লাখ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

# বিনামূল্যের বই শিশুদের হাতে পৌঁছার আগেই কালোবাজারে—

(নিজস্ব সংবাদদাতা)

ফেনী, ২রা জানুয়ারী।—সর্বজনীন প্রাথমিক শিক্ষার বিনামূল্যে বিতরণের পাঠ্যপুস্তক ছাত্রছাত্রীদের হাতে পৌঁছার আগেই ফেনী

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## বিনামূল্যের বই

(১-এর পৃঃ পর)

শহরতলিসহ বিভিন্ন উপজেলায় কালোবাজারে বিক্রি শুরু হয়ে গেছে।

ফেনী জেলায় বর্তমানে ১ লাখ ৩৮ হাজার ১শ ৯৬ জন ছাত্রছাত্রী প্রাথমিক স্কুলে লেখাপড়া করছে। এ হিসাব প্রাথমিক শিক্ষা অফিসের। উল্লিখিত ছাত্রছাত্রীদের জন্য সরবরাহ করা হয়েছে ১ লাখ ২৫ হাজার ৩৫০ সেট পাঠ্যপুস্তক।

এমনিতেই প্রায় ১৩ হাজার সেট পাঠ্যবই কম সরবরাহ করা হয়েছে তার ওপর বইয়ের একটা উল্লেখযোগ্য অংশ কালোবাজারে চলে যাওয়ায় অনেক শিশুকেই পাঠ্যবইয়ের জন্য বাজারের উপর নির্ভর করতে হবে।

ফেনী বাজারে বর্তমানে ১ সেট প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বই বিক্রি হচ্ছে ১৬ থেকে ১৮ টাকায়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর বই ৪০ থেকে ৪৫ টাকায়, পঞ্চম শ্রেণীর বই ৫০ টাকায়। বিভিন্ন দোকানে অনুসন্ধান চালিয়ে জানা গেছে, স্টোরের লোকজন, স্কুল শিক্ষক ও ঢাকা থেকে আগত ব্যবসায়ীরা এসব বই সংগ্রহ করছে।

এব্যাপারে ফেনী জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সাথে যোগাযোগ করা হলে একজন কর্মকর্তা জানান যে বাজারে যেসব বই বিক্রি হচ্ছে তা হয় ব্যবসায়ীরা ছাপিয়েছেন নতুবা কেন্দ্রীয় ছাপাখানা থেকে গোপনে বের করে আনা হয়েছে।

## বই দেয়া শুরু

(১-এর পৃঃ পর)

৫০ হাজার সেট বই ঢাকা মহানগরীর প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের মধ্যে বিতরণ করা হচ্ছে।

সূত্র বলেন বইগুলো যাতে এ মাসের প্রথম সপ্তাহের মধ্যে দেশের প্রাথমিক বিদ্যালয়ে পৌঁছে সে জন্য ব্যবস্থা নেয়া হয়েছে। টেক্সট বুক বোর্ড প্রাথমিক শিক্ষা পরিদফতরের সহযোগিতায় ইতিমধ্যেই প্রাথমিক শিক্ষা অফিসারদের কাছে বই পাঠিয়েছে। সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়গুলোর প্রধান শিক্ষকগণ তাঁদের কাছ থেকে এ বই সংগ্রহ করবেন।